চট্টগ্রাম সিটি কর্পোরেশন
জনসংযোগ শাখা
প্রেস বিজ্ঞপ্তি

চট্টগ্রাম- ০৯ এপ্রিল ২০১৮ খ্রি.

কাপাসগোলা সিটি কর্পোরেশন বালিকা উচ্চ বিদ্যালয় এর পরিচালনা পর্ষদের সভা অনুষ্ঠিত

চট্টগ্রাম সিটি কর্পোরেশন পরিচালিত কাপাসগোলা সিটি কর্পোরেশন বালিকা উচ্চ বিদ্যালয় এর পরিচালনা পর্ষদের এক সভা ০৯ এপ্রিল ২০১৮ খ্রি. সোমবার ,বিকালে নগর ভবনের সম্মেলন কক্ষে অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন পরিচালনা পরিষদের সভাপতি ও চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আ জ ম নাছির উদ্দীন। সভায় শিক্ষা প্রতিষ্ঠানের পরিচালনা পর্ষদের সদস্যরা ছাড়াও চসিকের প্রধান শিক্ষা কর্মকর্তা মিসেস নাজিয়া শিরিন, শিক্ষা কর্মকর্তা সাইফুর রহমান, অভিভাবক প্রতিনিধি এ আর এন শামীম উদ্দিন, শিক্ষক প্রতিনিধি সাহেদা নাসরিন খান,তাসলিমা আকতার এবং কমিটির সদস্য সচিব সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান শিক্ষক সুকুমার দেবনাথ উপস্থিত ছিলেন। সভায় অত্র শিক্ষা প্রতিষ্ঠানের বিগত বছর ও ২০১৮ সালের সম্ভাব্য বাজেট, বিগত সভার কার্যবিবরণী অনুমোদিত হয়। ২০১৮ সনে কেন্দ্রীয়ভাবে ইএমআইএস চালু এবং বিনা বেতনে অধ্যয়নের আবেদন অনুমোদন,আধুনিক মানের মাল্টিমিডিয়া ক্লাসরুপ তৈরী করনের সিদ্ধান্ত গৃহিত হয়।

চট্টগ্রাম- ০৯ এপ্রিল ২০১৮ খ্রি.

সিটি মেয়রের সাথে চট্টগ্রাম মহানগরী বাস মিনিবাস,সড়ক পরিবহন শ্রমিক ইউনিয়ন রেজি নং-১৭৯ নেতৃবৃন্দ এবং পাঁচলাইশ যুব সংঘের সাথে মতবিনিময়

সম্প্রতি অনুষ্ঠিত নির্বাচনে বিজয়ী চট্টগ্রাম মহানগরী বাস মিনিবাস,সড়ক পরিবহন শ্রমিক ইউনিয়ন রেজি নং-১৭৯ এর নেতৃবৃন্দ চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আলহাজ্ব আ জ ম নাছির উদ্দীন এর সাথে ৮ এপ্রিল ২০১৮ খ্রি. বিকেলে নগরভবনের মেয়র দপ্তরে সৌজন্য সাক্ষাত ও মতবিনিময় করেন। এসময় কমিটির উপদেষ্টা আলহাজ্ব মো. আবদুল নবী লেদু, সাধারন সম্পাদক মোহাম্মদ নুরুল হক, চেয়ারম্যান এস এম জাহাঙ্গীর আলম, মো. বদিউল আলম, হাজী মো. আবদুল হাকিম(হারুন), মো. ইসমাইল চৌধুরী, শিমুল কান্তি দাশ সহ সংশ্লিস্ট নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন। মতবিনিময়ে তারা তাদের ইউনিয়ন পরিচালনায় মেয়রের সহযোগিতা কামনা করেন। মতবিনিময়ে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আলহাজ্ব আ জ ম নাছির উদ্দীন যানজট নিরসন, যাত্রীদের সাথে সৌজন্যমূলক আচরণ এবং মালিক শ্রমিক সুস্পর্কের উপর গুরাত্বারোপ করে তাদের সব ধরনের সহযোগিতার আশ্বাস প্রদান করেন। পরে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আলহাজ্ব আ জ ম নাছির উদ্দীন এর সাথে পাঁচলাইশ যুব সংঘের নব নির্বাচিত

নেতৃবৃন্দ সৌজন্য সাক্ষাত এবং মতবিনিময় করেন। সাক্ষাতে তারা সিটি মেয়রের সামাজিক কর্মকান্ড সহ বর্জ্য ব্যবস্থাপনা ও পরিবেশ বান্ধব নগরী গড়ার কার্যক্রমের সাথে সহযোগিতার কথা জানান। মতবিনিময়ে মেয়র যুব সংঘের নবনির্বাচিত নেতৃবৃন্দের সেবাধর্মী কার্যক্রম পরিচালনার আহবান জানান। এসময় ৩ নং পাঁচলাইশ ওয়ার্ড কাউন্সিলর কফিল উদ্দিন খান, পাঁচলাইশ যুব সংঘের চেয়ারম্যান মো. আলমগীর, মহাসচিব সাইফুল ইসলাম, ক্রীড়া সচিক সানজিন সহ নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন।

চট্টগ্রাম- ০৯ এপ্রিল ২০১৮ খ্রি.

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের রিচ্ছন্ন বিভাগের সমন্বয় সভায় জলাবদ্ধতা নিরসন ও মশা নিয়ন্ত্রনে বিশেষ ক্রাশ প্রোগ্রাম ঘোষনা মেয়রের

চট্টগ্রাম নগরীর জলাবদ্ধতা নিরসন ও মশা নিয়ন্ত্রনে চট্টগ্রাম সিটি কর্পোরেশন ১০ এপ্রিল থেকে ৫ মে পর্যন্ত নগরীর ৪১ টি ওয়ার্ডে বিশেষ ক্রাশ প্রোগ্রাম গ্রহণ করেছে। ৮ এপ্রিল ২০১৮ খ্রি. বিকেলে নগরভবনের কেবি আবদুচ ছত্তার মিলনায়তনে পরিচ্ছন্ন বিভাগের কর্মকর্তা-কর্মচারীদের এক সমন্বয় সভায় এ ক্রাশ প্রোগ্রাম ঘোষনা দেন চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আলহাজ্ব আ জ ম নাছির উদ্দীন।তিনি বলেন, নাগরিক দূর্ভোগ লাঘবের লক্ষে নগরীর ৪১ টি ওয়ার্ডের সকল নালা-নর্দমা থেকে মাটি ও আবর্জনা উত্তোলন,মশার ডিম ধ্বংসকারী লার্ভিসাইড(মশার ডিম ধ্বংসকারী কেমিকেল) ছিটানো হবে। ২৫ দিনের এ কর্মসূচী বাস্তবায়নে প্রতিটি ওয়ার্ডে ১শত জন সেবক সকাল ৮ টা থেকে বিকেল ৩ টা পর্যন্ত ৩ দিন ব্যাপী এ কাজে নিয়োজিত থাকবে। প্রতিদিন ৫ টি ওয়ার্ডে ৫ শত সেবক জলাবদ্ধতা নিরসন ও মশা নিয়ন্ত্রনে কাজ করবে। মেয়র বলেন, ১০ থেকে ১২ এপ্রিল পর্যন্ত ৩ দিন ২০,২১,৩২,৪০ ও ৪১ নং ওয়ার্ডে, ১৩ থেকে ১৬ এপ্রিল৭,৮,১৫,২৪ ও ৩৯ নং ওয়ার্ডে, ১৭ থেকে ১৯ এপ্রিল ১৭,১৯,৩৬,৩৭ ও ৩৮ নং ওয়ার্ডে, ২০ এপ্রিল থেকে ২৩ এপ্রিল ৪,১৪,১৬,২৬ ও ৩১ নং ওয়ার্ডে, ২৪ এপ্রিল থেকে ২৬ এপ্রিল ১০,১১,১৩,২২ ও৩৫ নং ওয়ার্ডে,২৭ এপ্রিল থেকে ২৯ এপ্রিল ৯,২৩,২৫,২৭ ও ৩৪ নং ওয়ার্ডে, ৩০এপ্রিল থেকে ২ মে ৩,৫,৬,১২ ও ৩৩ নং ওয়ার্ডে এবং ৩ মে থেকে ৫ মে পর্যন্ত ১,২,১৮,২৮,২৯ ও ৩০ নং ওয়ার্ডে বিশেষ ক্রাশ প্রোগ্রাম পরিচালিত হবে। সমন্বয় সভায় মেয়র আরো ঘোষনা দেন যে প্রতি মাসে অথবা প্রতি ২ মাস অন্তর পরিচ্ছন্ন বিভাগে কর্মরত সকল সেবক একই সময়ে ৪১ টি ওয়ার্ডে পরিচ্ছন্ন কার্যক্রম পরিচালনা করবে। এ কার্যক্রমের তারিখ যথাসময়ে ঘোষনা করা হবে। সমন্বয় সভায় মেয়র বলেন, পরিচ্ছন্ন ও পরিবেশ বান্ধব নগরী গড়ার প্রত্যয় যে কোন ঝুঁকি গ্রহণ করা হবে। এ ক্ষেত্রে তিনি সম্মানিত নগরবাসীর সার্বিক সহযোগিতা প্রত্যাশা করেন। সমন্বয় সভায় সভাপতিত্ব করেন পরিচ্ছন্ন বিষয়ক স্থায়ী কমিটির সভাপতি শৈবাল দাশ সুমন। সভায় ৩৫ নং ওয়ার্ড কাউন্সিলর হাজী নুরুল হক, ৩৩ নং ওয়ার্ড কাউন্সিলর হাসান মুরাদ বিপ্লব, ৭ নং ওযার্ড কাউন্সিলর এম মোবারক আলী, প্রধান প্রকৌশলী লে. কর্নেল মহিউদ্দিন আহমেদ, অতিরিক্ত প্রধান প্রকৌশলী মো. রফিকুল ইসলাম মানিক, প্রধান পরিচ্ছান্ন কর্মকর্তা শেখ সফিকুল মান্নান সিদ্দিকী, নির্বাহী প্রকৌশলী সুদিপ

বসাক সহ সংশ্লিষ্ট কর্মকর্তারা উপস্থিত ছিলেন। সমন্বয় সভায় চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আলহাজ্ব আ জ ম নাছির উদ্দীন আরো বলেন, পরিবেশ সুরক্ষার স্বার্থে নগরীর ভিআইপি সড়ক সহ প্রধান সড়কের দু'পাশে কোন ডাষ্টবিন থাকবে না। নির্ধারিত সময়ে সকল ডাস্টবিন অপসারন করে পরিবেশ সুরক্ষা করা হবে। মেয়র বলেন, তাঁর ভিশন অনুযায়ী তাঁর মেয়াদের মধ্যেই গ্রিন এবং ক্লিন সিটি নগরবাসীকে উপহার দেয়া হবে। এ লক্ষে তিনি তাঁর কর্ম পরিকল্পনা যথাযথভাবে বাস্তবায়নে সংশ্লিষ্ট কর্মকর্তা-কর্মচারীদের আন্তরিক সহযোগিতা কামনা করেন।

সংবাদদাতা
মো. আবদুর রহিম
জনসংযোগ কর্মকর্তা
চট্টগ্রাম সিটি কর্পোরেশন